উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
Upazila Governance and Development Project (UGDP)
Local Government Division
Ministry of Local Government, Rural Development & Cooperatives

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

মুজিব বর্ষ MUJIB 100

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০০.০৩৫(২).২০২১-২৪৪ তারিখ- ২২/০৮/২০২১ ইং

**বিষয় ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২১) বাছাইকৃত উপজেলায় সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা যাচাইয়ের ভিত্তিতে ৫ম ধাপে ৪৭৫ টি উপজেলা নির্বাচন করা হয়েছে। ৫ম পর্যায়ের বাছাইয়ে আপনার উপজেলা নির্বাচিত হওয়ার জন্য প্রকল্পের পক্ষ হতে আপনাদেরকে ধন্যবাদ জানাই। ৫ম পর্যায়ে নতুনভাবে নির্বাচিত উপজেলায় ইতোমধ্যে ইউডিএফ পদায়ন করা হয়েছে এবং এ সকল ইউডিএফদেরকে ইতোপূর্বে প্রশিক্ষণ প্রদান করে পদায়ন করা হয়েছে এবং উপজেলা পর্যায়ে উপ-প্রকল্প প্রণয়নের সম্যক ধারনা প্রদান করা হয়েছে।

উল্লেখ্য যে, প্রকল্পের কম্পোনেন্ট-১ এর অধীনে জনগনকে উন্নত সেবা প্রদানের জন্য উপজেলা পরিষদের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য তহবিল সহায়তা প্রদানের সংস্থান রয়েছে। ডিপিপি'র বিধান মোতাবেক বাছাইকৃত প্রতিটি উপজেলাতে বৎসরে এই বরাদ্দের পরিমান হবে (ভ্যাট ও আয়কর ব্যতীত) ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা এবং এই বরাদ্দকৃত অর্থের মধ্যে সর্বোচ্চ ২০% অর্থ ১০,০০,০০০.০০/- (দশ লক্ষ) টাকা উপজেলা পর্যায়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য ব্যয় করা যাবে এবং এই অর্থ অগ্রীম হিসেবে দেয়া হবে।

সক্ষমতাবৃদ্ধিমূলক প্রতিটি উপ-প্রকল্পের নূন্যতম বাজেট হবে (ভ্যাট ও আয়কর ব্যতীত) ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা। উপজেলা পর্যায়ে যে সকল প্রশিক্ষণ আয়োজন করা হবে তা উপ-প্রকল্পের প্রস্তাব আকারে যথারীতি প্রকল্পের সদর দপ্তরে পাওয়ার পর যাচাই এবং সম্মতি অন্তে অগ্রীম অর্থ প্রদান করা হবে। সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য অগ্রীম হিসাবে প্রেরিতব্য ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা ২০২১-২২ অর্থবছরের সংশোধিত এডিপির অন্তর্ভুক্ত হবে।

উপর্যুক্ত বর্ণনার আলোকে এতদ্সঙ্গে প্রেরিত নির্দেশনা অনুসরন করে নির্ধারিত ছকে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ সংক্রান্ত উপ-প্রকল্প প্রণয়ন করে ৩১ অক্টোবর ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(কাজী আশরাফ উদ্দীন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৫৫১৩০৭২৫

**প্রাপকঃ**

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
............................................................।
০২. উপজেলা নির্বাহী অফিসার,
............................................................।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
০৩. অতিরিক্ত সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
০৫. উপসচিব (উপজেলা-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. জেলা প্রশাসক, ..........................................................
০৭. উপ-পরিচালক, স্থানীয় সরকার, ..........................................
০৮. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, JICA, Bay's Galleria, 3rd floor, 57 Gulshan Avenue (CWS A19), Gulshan-1, Dhaka-1212.


DPHE Building (Ground Floor), 14 Shaheed Capt. Mansur Ali Sarani, Kakrail, Dhaka-1000, Bangladesh
Phone: +880 2 9346167, 9346168, Fax: +880 2 58314379, E-mail: info@ugdp-lgd.org, Website: www.ugdp-lgd.org